

এসএসসি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করবেন না শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

০৬ ফেব্রুয়ারি, ২০২৪

০০:০০

শেয়ার

অ +

অ -



চলতি বছর এসএসসি ও সমমানের পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করবেন না শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। শিক্ষার্থীদের সুবিধার্থে পরীক্ষাসংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া কেউ যাতে কেন্দ্র পরিদর্শনে না যান সে বিষয়ে অনুরোধও করেছেন শিক্ষামন্ত্রী। গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা আবুল খায়ের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

আগামী ১৫ ফেব্রুয়ারি শুরু হবে এবারের এসএসসি ও সমমানের পরীক্ষা।

প্রতিবছর এই পরীক্ষার শুরুতে কেন্দ্র পরিদর্শন করেন শিক্ষামন্ত্রীসহ শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মকর্তা।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শিক্ষামন্ত্রী মনে করেন, কেন্দ্রগুলো পরিদর্শনের কারণে শিক্ষার্থীদের ওপর এক ধরনের হয়রানিমূলক পরিস্থিতির সৃষ্টি হয়। মানসিক যন্ত্রণা ও জনদুর্ভোগ সৃষ্টি হয়।